

Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 28 June, 2025

ইসরাইলের অধিকৃত ফিলিস্তিনভূমির দিকে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করেছে ইয়েমেন। স্থানীয় সংবাদমাধ্যমের বরাতে এ তথ্য জানিয়েছে ইরানি সংবাদ সংস্থা মেহের নিউজ।

ইসরাইলি সেনাবাহিনীর অভ্যন্তরীণ ফ্রন্ট কমান্ডের বরাতে জানানো হয়েছে, শনিবার ইয়েমেন থেকে ছোড়া একটি ক্ষেপণাস্ত্র অধিকৃত ভূখণ্ড লক্ষ্য করে আঘাত হানে। এর পরপরই দক্ষিণ, পশ্চিম ও মধ্য নেগেভ, জুডিয়া, মৃত সাগর, লাখিশ এবং আরাবা অঞ্চলজুড়ে সতর্কতা জারি করার প্রস্তুতি নেয় ইসরাইলি কর্তৃপক্ষ।

তবে এই হামলার দায় এখনো আনুষ্ঠানিকভাবে স্বীকার করেনি ইয়েমেনের হুথি বিদ্রোহীরা কিংবা দেশটির কোনো পক্ষ।

একইদিনে, ইরানের রাজধানী তেহরানের পশ্চিমাঞ্চলীয় এলাকা এসলামশাহর-এ একাধিক বিস্ফোরণের শব্দ শোনা গেছে। বিস্ফোরণের পরপরই ওই এলাকায় আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা সক্রিয় করা হয় বলে জানিয়েছে ইরান ইন্টারন্যাশনাল।

প্রত্যক্ষদর্শীরা সামাজিক যোগাযোগমাধ্যমে জানিয়েছেন, বিস্ফোরণের সময় দফায় দফায় উচ্চ শব্দ এবং আকাশে আলোর ঝলকানি দেখা গেছে।

তবে ঠিক কী কারণে বিস্ফোরণ ঘটেছে, বা এতে কোনো হতাহত হয়েছে কি না—তা স্পষ্ট নয়। এখনো কোনো পক্ষ থেকে আনুষ্ঠানিক ব্যাখ্যাও আসেনি।

মধ্যপ্রাচ্যে চলমান উত্তেজনার মাঝে ইয়েমেন ও ইরানের এ ধরনের ঘটনাকে একটি কৌশলগত বার্তা হিসেবেই দেখছেন বিশ্লেষকরা। বিশেষত, গাজা যুদ্ধের প্রেক্ষাপটে হুথি বিদ্রোহীদের ক্রমাগত আগ্রাসন এবং ইরানের ভূখণ্ডে অজানা হামলার সম্ভাবনা—এই দুই মিলে অঞ্চলটিকে আবারো অনিশ্চয়তার দিকে ঠেলে দিচ্ছে।

ইয়েমেন ক্ষেপণাস্র নিক্ষেপ ফিলিস্তিন ইসরাইল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 22:26

URL: <https://www.timestodaybd.com/international/7758073845>